দৈনিক সংবাদ

তারিখ ... 12 OCT 1995 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৭ ...

৩

সরকারি প্রাথমিক স্কুল স্থাপন প্রসঙ্গে

আমরা কোতোয়ালি (ময়মনসিংহ) থানার বাহাদুরপুর গ্রামের বাসিন্দা। আমরা জানতে পারলাম যে, সাধারণ শিক্ষা প্রকল্পের আওতায় স্বল্পব্যয়ে গ্রামীণ সরকারি প্রাথমিক বিদ্যালয় নির্মাণের জন্য একটি ভাল জায়গা নির্ধারণ করার জন্য এলাকাবাসীদের বলা হয়। কিন্তু দুঃখের বিষয় যে জায়গাটি নির্ধারণ করা হয়েছে সেখানে স্কুল স্থাপন করা হলে কোন ছাত্রছাত্রী যেতে পারবে না। কারণ সেখানে যাওয়ার কোন রাস্তাঘাট নেই, আশপাশের পরিবেশ ভাল নয়। এছাড়াও স্থানটি অত্যন্ত নিচু; বন্যার সময় প্লাবিত হয়, এমন কি সামান্য বৃষ্টিতে ২ সপ্তাহ পর্যন্ত নিমজ্জিত থাকে। সবদিক বিবেচনা করলে উক্তস্থানে স্কুল নির্মাণে এলাকাবাসীর কোন উপকার হবে না। শুধু ব্যক্তিস্বার্থই চরিতার্থ হবে। আরও প্রকাশ থাকে যে, যারা উক্ত স্কুলটির জন্য অঙ্গীকার করেছে এবং বর্তমানে তাদের বাড়ির কাছে করতে চাচ্ছে তাদের বাবা প্রাথমিক বিদ্যালয়ের একজন শিক্ষক ছিল। তাই তাদের ব্যক্তিস্বার্থের জন্য এবং তাদের বাবার সম্মানার্থে বাড়ির কাছে স্কুলটি করতে চাচ্ছে। উক্ত স্থানে স্কুল করলে সরকারি নিয়ম ভঙ্গ হবে। কারণ একটি স্কুল থেকে অন্য একটি স্কুলের দূরত্ব হতে হবে ২ কিঃ মিঃ; কিন্তু যেখানে স্কুলের জন্য জায়গার প্রস্তাব করা হয়েছে সেখানের দূরত্ব একটি স্কুল থেকে মাত্র ১ কিঃ মিঃ।

তাই কর্তৃপক্ষের কাছে এলাকাবাসীর আকুল আবেদন উক্ত স্থানের পরিবর্তে ঐ গ্রামে সুন্দর পরিবেশে যেকোন স্থানে পাকা রাস্তা সংলগ্ন জায়গায় স্কুল নির্মাণ করা হোক। সুতরাং এলাকাবাসীর উপকারার্থে যথাযথ তদন্ত করে স্থান নির্ধারণ করে স্কুল স্থাপন করলে বাধিত থাকব। প্রয়োজনবোধে আমরা স্কুলের জন্য জমি ও টাকা দিতে প্রস্তুত আছি।

এলাকাবাসীর পক্ষে—
মোঃ গহর আলী মণ্ডল,
গ্রাম—বাহাদুরপুর,
পোঃ বেগুনবাড়ী, ময়মনসিংহ।